


রিটার্নিং অফিসারের কার্যালয়, গাইবান্ধা

নং-০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩- ৫২৬

তারিখ: ২৬ পৌষ ১৪৩০  
৩১ ডিসেম্বর ২০২৩বিজ্ঞপ্তি

এতদ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ের ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ১৭.০০.০০০০.০৪০.৪১.০১০.২১-২৪৩ নম্বর স্মারকমূলে জারিকৃত ‘নির্বাচনি সংবাদ সংগ্রহে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিক/গণমাধ্যম কর্মীদের জন্য নীতিমালা (সংশোধিত)’ অনুযায়ী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে গাইবান্ধা জেলার ০৫টি নির্বাচনি এলাকার [ ২৯ গাইবান্ধা-১ (সুন্দরগঞ্জ), ৩০ গাইবান্ধা-২ (গাইবান্ধা সদর), ৩১ গাইবান্ধা-৩ (সাদুল্লাপুর, পলাশবাড়ী), ৩২ গাইবান্ধা-৪ (গোবিন্দগঞ্জ), ৩৩ গাইবান্ধা-৫ (সাঘাটা, ফুলছড়ি)] নির্বাচনি সংবাদ সংগ্রহের নিমিত্ত স্থানীয় গণমাধ্যমকর্মীগণকে সাংবাদিক পরিচয়পত্র, সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্র ও গাড়ী স্টিকার সংগ্রহের জন্য আগামী ০৩ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, গাইবান্ধা ও রিটার্নিং অফিসার, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বরাবর নিম্নবর্ণিত নিয়মে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

- ১। সংশ্লিষ্ট গণমাধ্যমের অফিসিয়াল প্যাডে নিউজ এডিটর/চিফ রিপোর্টার/বার্তা প্রধান/ব্যুরো প্রধান/জেলা প্রতিনিধিদের স্বাক্ষরিত আবেদনপত্র দাখিল করতে হবে;
- ২। সংশ্লিষ্ট গণমাধ্যম/প্রতিষ্ঠান হতে কতজন সাংবাদিককে এ্যাসাইনমেন্ট প্রদান করা হলো তাদের নাম ও পদবি সম্বলিত তালিকাসহ প্রতিষ্ঠানের হালনাগাদ সাংবাদিক পরিচয়পত্র/পিআইডি কার্ড, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট ও ০১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;
- ৩। টেলিভিশনের সাংবাদিকের প্রযুক্তিগতভাবে সহায়তা করার জন্য যে সকল সাপোর্ট স্টাফ (ইঞ্জিনিয়ার/টেকনিশিয়ান) নিয়োজিত থাকবেন তাদেরকে সাপোর্ট স্টাফ (মিডিয়া) পরিচয়পত্রের জন্য অনুরূপ পদ্ধতিতে আবেদন করতে হবে;
- ৪। নির্বাচনকালে গণমাধ্যমকর্মীগণের যাতায়াতের জন্য গাড়ী/মোটর সাইকেলের স্টিকার প্রাপ্তির লক্ষ্যে সংশ্লিষ্ট সাংবাদিকগণের স্বস্থ প্রতিষ্ঠানের নিয়োগপত্র, প্রেস আইডির কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ড্রাইভিং লাইসেন্স, গাড়ী/মোটর সাইকেলের রেজিস্ট্রেশন সংক্রান্ত কাগজপত্রসহ আবেদন করতে হবে।



(কাজী নাহিদ রসুল)

জেলা প্রশাসক, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার


দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নং-০৫.৫৫.৩২০০.০৭০.৯৯.০০৭.২৩- ৫২৬

তারিখ: ২৬ পৌষ ১৪৩০  
৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৫। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), গাইবান্ধা (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় দৃশ্যমান স্থানে এবং অফিসের নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধা।
- ০৮। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, গাইবান্ধা প্রেসক্লাব, গাইবান্ধা।
- ১০। অফিস কপি।



জেলা প্রশাসক, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন